




## সৌদিতে হজযাত্রীদের জন্য নতুন বিমানবন্দর নির্মাণের উদ্যোগ



হজ। ছবি : সংগৃহীত

পবিত্র নগরী মক্কার অবকাঠামো উন্নয়নের অংশ হিসেবে একটি নতুন বিমানবন্দর নির্মাণের পরিকল্পনা অনুমোদন দিয়েছে সৌদি আরব। হজ ও ওমরাহ পালনে আসা বিপুল সংখ্যক মানুষের যাতায়াত সহজ করা এবং পরিবহন ব্যবস্থাকে আরও আধুনিক করার লক্ষ্যেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

রয়্যাল কমিশন ফর মক্কা সিটি অ্যান্ড হোলি সাইটসের প্রধান নির্বাহী সালেহ আল-রশিদ জানিয়েছেন, প্রকল্পটির অর্থনৈতিক ও কৌশলগত দিক চূড়ান্ত করা হয়েছে। আন্তর্জাতিক মান বজায় রেখে বিমানবন্দরটি নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

সৌদি গেজেটের প্রতিবেদনে বলা হয়, হার্ভার্ড বিজনেস রিভিউকে দেওয়া এক সাক্ষাৎকারে আল-রশিদ জানান, প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতকে যুক্ত করা হবে। পাশাপাশি জেদ্দার কিং আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম যাতে কোনোভাবে ক্ষতিগ্রস্ত না হয়, সে বিষয়েও সতর্কতা রাখা হচ্ছে।

বর্তমানে প্রকল্পটি প্রাথমিক ধাপ, যেখানে বিনিয়োগ ও পরিকল্পনা প্রক্রিয়া চলছে। সম্ভাব্যতা যাচাই শেষ হলেও নির্মাণ শুরুর নির্দিষ্ট সময় এখনো জানানো হয়নি।

সৌদি আরবের ভিশন ২০৩০ কর্মসূচির অংশ হিসেবে এই উদ্যোগ নেওয়া হয়েছে, যার উদ্দেশ্য হজ ও ওমরাহ যাত্রী সংখ্যা বৃদ্ধি এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন। বর্তমানে মক্কায় পৌঁছাতে হজযাত্রীদের জেদ্দা বিমানবন্দর ব্যবহার করতে হয়, যা শহর থেকে প্রায় ৮০ থেকে ৯০ কিলোমিটার দূরে অবস্থিত। নতুন বিমানবন্দর চালু হলে এই দূরত্ব ও সময় উল্লেখযোগ্যভাবে কমে আসবে।

এছাড়া মক্কা মেট্রো প্রকল্পের প্রাথমিক নকশা ও সম্ভাব্যতা যাচাইয়ের কাজও সম্পন্ন হয়েছে, যা পবিত্র স্থানগুলোর মধ্যে যাতায়াতকে আরও সহজ করবে বলে জানান আল-রশিদ। অন্যদিকে ‘স্মার্ট মক্কা’ কর্মসূচির আওতায় মসজিদুল হারাম এলাকায় জনসমাগম নিয়ন্ত্রণে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করা হচ্ছে। বিশেষ করে জামারাত সেতু এলাকায় ভিড় ব্যবস্থাপনায় পূর্বাভাসভিত্তিক প্রযুক্তি কার্যকরভাবে কাজে লাগানো হচ্ছে।